



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

AP(DM)

*(Handwritten signature)*

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০৫১.২২-৯৭১

তারিখঃ ১৩ ভাদ্র ১৪৩১  
২৮ আগস্ট ২০২৪

### প্রজ্ঞাপন

যেহেতু জনাব শেখ মুহাম্মদ হাবিবুর রহমান (১০৯০৫১৬৫), অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ (প্রাক্তন জেলা নির্বাচন কর্মকর্তা, মানিকগঞ্জ) এর বিরুদ্ধে মানিকগঞ্জ জেলা পরিষদ নির্বাচন ২০২২ এ প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নিকট হতে অনৈতিকভাবে অর্থ গ্রহণ ও ফেরত প্রদানের অভিযোগ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়; এরূপ শৃঙ্খলার পরিপন্থি কার্যকলাপের জন্য তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” ও বিধি ৩(ঘ) অনুযায়ী “দুর্নীতি পরায়ণতা” এর অভিযোগে বিভাগীয় মামলা নং-০১/২০২৩ রুজু করে কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানোর লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করেন;

যেহেতু, গত ১৯-০২-২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে তিনি অভিযোগ অস্বীকার করতঃ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রার্থনা করেছেন;

যেহেতু, ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটির তদন্ত ও পুনঃতদন্ত করা হয় এবং উভয় তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

সেহেতু, জনাব শেখ মুহাম্মদ হাবিবুর রহমান, অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ (প্রাক্তন জেলা নির্বাচন কর্মকর্তা, মানিকগঞ্জ) এর বিরুদ্ধে আনীত “অসদাচরণ” ও “দুর্নীতি পরায়ণতা” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে বিভাগীয় মামলা নং-০১/২০২৩ এর দায় হতে অব্যাহতি প্রদান করে মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

*(Handwritten signature)*

শফিউল আজিম  
সচিব

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০১৬.২৪-৯৭১

তারিখঃ ১৩ ভাদ্র ১৪৩১  
২৮ আগস্ট ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৩। মুদ্রাসচিব.....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৪। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
- ০৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ
- ০৭। উপসচিব .....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৮। উপসচিব (হিসাব) (চ.দা.), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৯। জনাব শেখ মুহাম্মদ হাবিবুর রহমান, অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ (প্রাক্তন জেলা নির্বাচন কর্মকর্তা, মানিকগঞ্জ)
- ১০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ]
- ১১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সি এন্ড এজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা
- ১২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ময়মনসিংহ

(চলমান পাতা-২)

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

C:\Users\STCO\_Sas\_Dis\Downloads\Sas\_Dis\_2024-08-21\_18-01-16\_9.Doc

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

১৩। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

১৪-১৭। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা  
(মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)

১৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৯। সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [জনাব শেখ মুহাম্মদ হাবিবুর রহমান (১০৯০৫১৬৫), অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ (প্রাক্তন জেলা নির্বাচন কর্মকর্তা, মানিকগঞ্জ) এর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের নিমিত্ত]

২৪.০৪.২৫

মোহাম্মদ আল-মামুন

সিনিয়র সহকারী সচিব সি.সি (শৃঙ্খলা)

ফোনঃ ০২-৫৫০০৭৪৫৮

ইমেইল: sas\_dis@ecs.gov.bd

৫

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

C:\Users\STCO\_Sas\_Dis\Downloads\Sas\_Dis\_2024-08-21\_18-01-16\_9.Doc

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd